সাধারণ মানুষকে বন্যার্তদের পাশে দাঁড়ানোর আহ্বান মেহেরপুরের শিক্ষার্থীদের

সাধারণ মানুষকে বন্যার্তদের পাশে দাঁড়ানোর আহ্বান জানিয়েছেন মেহেরপুরের বৈশম্যবিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থীরা।
গতকাল শনিবার বিকেলে শহরের ডঃ শহীদ সামসুজ্জোহা পার্কে এ আহ্বান জানান শিক্ষার্থীরা।

এ সময় বৈশম্যবিরোধী ছাত্র আন্দোলনের সদস্য ইমতিয়াজ আহম্মেদ বলেন, দেশ একটা বিশাল ক্রান্তিকাল পার করছে। ছাত্র জনতার বিজয়ের পর থেকেই একটি চক্র ষড়যন্ত্রে লিপ্ত। এমন সময় ভয়াবহ বন্যা। আন্দোলনে সাধারণ মানুষ আমাদের পাশে ছিলো বলেই এ বিজয়। তাদের সহযোগীতার জন্য ছাত্র জনতার পাশাপাশি সাধারণ মানুষকে এগিয়ে আসতে হবে। সেজন্য যার যতটুকো সাধ্য আছে ততটুকো নিয়ে ঝাপিয়ে পড়ার সময় এসেছে।

সকলের ঐক্যবদ্ধ প্রচেষ্টায় এ দূর্যোগ মোকাবেলা করতে সক্ষম হবে দেশ। এই দূর্যোগের মধ্য দিয়ে জাতি আজ ঐক্যবদ্ধ হয়েছে।

বৈশম্যবিরোধী ছাত্র আন্দোলনের মেহেরপুর জেলার সদস্য আরমা খাতুন, তামিম ইসলাম, তাহসিন রাব্বি সহ শিক্ষার্থীরা সেখানে উপস্থিত ছিলেন।